# Times Today BD

জেলা প্রতিনিধি | ঢাকা | 01 May, 2025

মাদারীপুরের শিবচরে অভাবের তাড়নায় নিজের ১৫ বছরের অন্ধ ছেলেকে আড়িয়াল খাঁ নদে ফেলে দিয়েছেন এক মা।বুধবার (১ মে) সন্ধ্যায় উপজেলার দত্তপাড়া ইউনিয়নের আড়িয়াল খাঁ সেতু থেকে এই মর্মান্তিক ঘটনা ঘটে।

নিখোঁজ ছেলের নাম নাসির উদ্দিন।সে বন্দরখোলা ইউনিয়নের সিকদারহাট কাচারীকান্দি গ্রামের মৃত আজগর হাওলাদারের ছেলে।অভিযুক্ত মা রিজিয়া বেগমকে (৪৫) পুলিশ আটক করেছে।তাঁর আরও এক ৬ বছরের কন্যাসন্তান রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সন্ধ্যা ৭টার দিকে সেতুর রেলিংয়ে বসে থাকা অবস্থায় রিজিয়া তার ছেলেকে পানিতে ফেলে দেন।স্থানীয়দের অভিযোগে পুলিশ এসে রিজিয়াকে তার মেয়েসহ হেফাজতে নেয়।

পুলিশ জানিয়েছে, রিজিয়া দুই সন্তানকে নিয়ে ভিক্ষাবৃত্তি করতেন।চিকিৎসা, খাবার ও অভাব-অনটনের যন্ত্রণায় তিনি এই সিদ্ধান্ত নেন বলে স্বীকার করেছেন।ফায়ার সার্ভিস ও পুলিশ রাত থেকেই নদীতে তল্লাশি চালালেও এখন পর্যন্ত ছেলেটির খোঁজ মেলেনি।

শিবচর থানার ওসি রতন শেখ বলেন, "অভিযুক্ত মা আর্থিক কষ্টে সন্তানদের লালন-পালনে ব্যর্থ হচ্ছিলেন।এ কারণে তিনি নিজের অন্ধ সন্তানকে নদে ফেলে দেন বলে জানিয়েছেন।তাকে আইনি প্রক্রিয়ায় জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।উদ্ধার তৎপরতা অব্যাহত রয়েছে।"

সেতু সন্তান থানা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:09

URL: https://timestodaybd.com/public/dhaka/1733357486